

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট  
১২৫/এ, দারুস সালাম, এ ডব্লিউ চৌধুরী রোড, ঢাকা-১২১৬।

সংখ্যা : ১৫.৫৫.০০০০.০০২.২৫.০৫৭.১৬.৩২০

তারিখ : ২২ সেপ্টেম্বর ২০২১ খ্রি.


## প্রেস রিলিজ

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট কর্তৃক আয়োজিত ১২ (বারো) সপ্তাহব্যাপী বিসিএস (তথ্য-প্রকৌশল) ২০তম পেশাগত প্রবেশক পাঠ্যধারা এবং ৩ (তিন) সপ্তাহব্যাপী 'ডিজিটাল অফিস ম্যানেজমেন্ট' পাঠ্যধারার উদ্বোধনী অনুষ্ঠান ২২ সেপ্টেম্বর ২০২১ খ্রি. তারিখ বুধবার সকালে ইনস্টিটিউটের শেখ রাসেল অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) শাহিন ইসলাম, এনডিসি। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব মোঃ মকবুল হোসেন পিএএ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অনুষ্ঠানের উদ্বোধন ঘোষণা করেন। তিনি বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে উন্নীত করার জন্য আরো দক্ষ ও প্রযুক্তিবান্ধব কর্মকৌশলের মাধ্যমে দেশের কল্যাণে অবদান রাখার জন্য কর্মকর্তাদের প্রতি আহ্বান জানান। বাংলাদেশ বেতারের মহাপরিচালক জনাব আহম্মদ কামরুজ্জামান বিশেষ অতিথি হিসেবে অনুষ্ঠানে অংশ গ্রহণ করেন। বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট-এর প্রধান নির্বাহী জনাব আবুল কালাম আজাদসহ জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের কর্মকর্তা-কর্মচারিবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

বিসিএস (তথ্য-প্রকৌশল) পাঠ্যধারাটিতে বাংলাদেশ বেতারের ১৩ (তেরো) জন সহকারী বেতার প্রকৌশলী অংশগ্রহণ করছেন।

এ পাঠ্যধারার মূল লক্ষ্য - তত্ত্বীয় ও ব্যবহারিক পাঠদানের মাধ্যমে প্রশিক্ষণার্থীদের একাবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় সক্ষম বহুমুখী দক্ষতাসম্পন্ন কর্মকর্তা হিসেবে গড়ে তোলা।



আবদুল হান্নান

গণসংযোগ কর্মকর্তা

ফোন : ৫৫০৭৯৪৩৮-৪২

### বিতরণ:

- ০১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা
- ০২। মুখ্য বার্তা সম্পাদক/ চীফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন/ বাংলাদেশ বেতার/ বাংলাদেশ সংবাদ সংস্থা/ এটিএন বাংলা/ চ্যানেল আই/ একুশে টিভি/এনটিভি/সময় টিভি/দৈনিক ইত্তেফাক/ দৈনিক জনকণ্ঠ/ দৈনিক প্রথম আলো/ দৈনিক যুগান্তর/বাংলাদেশ প্রতিদিন/দৈনিক ভোরের পাতা/দৈনিক সকালের খবর।
- ০৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। কার্যালয় নথি।